



স্মারক নং: ১২.০৪.০০০০.০০৭.০৫.০০৫.১৯ -৪৩৫ (খ)
০৪/০৩/২০২১ খ্রি।

তারিখ:

বীজ প্রত্যয়ন এজেন্সীর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

তারিখ : ০২/০৩/২০২১ খ্রি., সময়: বেলা ১২.০০ ঘটিকা।
স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
সভাপতি : আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

আলোচ্য সূচি:

- ১) সংস্থার সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন।
- ২) সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতির যে কোন একটি সেবা পর্যবেক্ষণ।
- ৩) বিবিধ।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী এবং সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি সভা শুরু করেন। তিনি ড. মো: হাসানুল কবীর কামালী, সিনিয়র ট্রেনিং অফিসার ও সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। উপস্থিত সদস্যবৃন্দ, বীজ প্রত্যয়ন এজেন্সীর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনার বিষয়বস্তু ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	সংস্থার সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন: এ বিষয়ে সদস্য সচিব সভাকে জানান যে, সংস্থার কতিপয় কর্মকর্তার পদমোতি ও বদলিজনিত কারণে সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন প্রয়োজন। তিনি বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিচালক মহোদয়কে কমিটির সদস্য নির্বাচনপূর্বক কমিটি পুনর্গঠনের জন্য অনুরোধ করেন।	১। সদর দপ্তরের নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়। -অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং) - সভাপতি -মুখ্য ভীজ প্রযুক্তিবিদ - সদস্য -অতিরিক্ত উপপরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং) - সদস্য -অতিরিক্ত উপপরিচালক (প্রশাসন ও অর্থ) - সদস্য -প্রকাশনা অফিসার - সদস্য সচিব	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি
২.	সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতির যে কোন একটি সেবা পর্যবেক্ষণ: এ প্রসঙ্গে সদস্য সচিব সভাকে বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ কার্যক্রমের অংশ হিসেবে ও এর কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেকটি সেবা পরিবীক্ষণ করা প্রয়োজন। সেক্ষেত্রে দৈবচয়নের ভিত্তিতে সিটিজেন্স চার্টারের যে কোন একটি সেবা নির্ধারণ পূর্বক পর্যবেক্ষণ করা যেতে পারে এবং সে বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা যেতে পারে।	১। দৈবচয়নের ভিত্তিতে সিটিজেন্স চার্টারের যে কোন একটি সেবা নির্ধারণ করতে হবে। ২। নির্ধারিত সেবা পরিবীক্ষণ পূর্বক প্রয়োজনীয় সুপারিশ প্রদান করতে হবে।	কমিটির সদস্যবৃন্দ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সেবা প্রদান প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৩/২০২১

আবদুর রাজ্জাক
পরিচালক

ফোন: ৪৯২৭২২০১

dir.sca.gov.bd@gmail.com

বিতরণ -জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
২. উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৩. প্রধান বীজ প্রযুক্তিবিদ, কেন্দ্রীয় বীজ পরীক্ষাগার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৪. সিনিয়র ট্রেনিং অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৫. অতিরিক্ত উপপরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৬. প্রকাশনা অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৭. কেয়ারটেকার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।